



নর্থ সাউথ ইউনিভার্সিটির সাউথ এশিয়ান ইনস্টিটিউট অব পলিসি এবং গভর্নেন্সে (এসআইপিজি) নেপালের সরকারি কর্মকর্তাদের জন্য প্রশিক্ষণের সমাপনী অনুষ্ঠানে নেপালের রাষ্ট্রদূতসহ অন্য অতিথিরা। বিজ্ঞপ্তি



## এনএসইউ নেপালি কর্মকর্তাদের জন্য কেস স্টাডি ভিত্তিক প্রশিক্ষণ

নেপালের সরকারি কর্মকর্তারা নর্থ সাউথ ইউনিভার্সিটির সাউথ এশিয়ান ইনস্টিটিউট অব পলিসি এবং গভর্নেন্স (এসআইপিজি) এ গত ২৮ এপ্রিল থেকে ২ মে পাঁচ দিনব্যাপী একটি কেস স্টাডিভিত্তিক শিক্ষা (সিবিএল) প্রশিক্ষণ প্রোগ্রামে অংশ নেন। বিজ্ঞপ্তি

নেপালের ১১ জন সরকারি কর্মকর্তার অংশ নেয়া এই প্রশিক্ষণটি এসআইপিজির অধ্যাপকদের পাশাপাশি বাংলাদেশ সরকারের কর্মকর্তাদের অংশগ্রহণে পরিচালিত হয়েছে।

সমাপনী অনুষ্ঠানে বাংলাদেশে অবস্থিত নেপালের রাষ্ট্রদূত ঘনশ্যাম ভান্ডারীর উপস্থিতি ছিল একটি বিশেষ আকর্ষণ। অধ্যাপক শেখ তৌফিক এম হক, ডিন (আইসি), স্কুল অব হিউম্যানিটিস অ্যান্ড সোশ্যাল সায়েন্স; ড. রিজওয়ান খায়ের, চেয়ারম্যান (আইসি), ডিপার্টমেন্ট অব পলিটিক্যাল সায়েন্স অ্যান্ড সোশিওলজি, কোর্স পরিচালক এবং ড. আব্দুর রব খান, কোষাধ্যক্ষ, নর্থ সাউথ ইউনিভার্সিটি উপস্থিত ছিলেন।

রাষ্ট্রদূত তার কৃতজ্ঞতা প্রকাশ করে বলেন, শিক্ষা খাতে বাংলাদেশ নেপালের ছাত্রদের জন্য একটি গুরুত্বপূর্ণ গন্তব্য এবং তিনি আগামী বছরগুলোতে এই সংখ্যা বৃদ্ধি দেখতে চান। তিনি উল্লেখ করেন, বাংলাদেশ ও নেপালের মধ্যে সম্পর্ক প্রাচীনকাল থেকে চলে আসছে এবং এ প্রসঙ্গে তিনি নেপালে চর্চাপদের আবিষ্কারের ঘটনা উল্লেখ করে। দুই দেশের মধ্যে সাংস্কৃতিক, শিক্ষামূলক এবং অর্থনৈতিক বিনিময় সব সময়ই ছিল। তিনি আরো বলেন, এই প্রশিক্ষণ বাংলাদেশ ও নেপালের মধ্যে বন্ধন শক্তিশালী করার প্রমাণ।

প্রশিক্ষণটিতে আলোচনা, সিদ্ধান্ত নির্ণয়, কৃত্রিম বুদ্ধিমত্তাভিত্তিক কেস স্টাডি এবং গভর্নেন্সে কেস স্টাডির কার্যকর লেখা ও প্রয়োগের ওপর সেশন অন্তর্ভুক্ত ছিল।